

নোয়াখালীর সুবর্ণচরে আবার উঠেছে গণধর্ষণের অভিযোগ : আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর তীব্র নিন্দা ও উদ্বেগ

আবারও পছন্দের প্রার্থীকে নোয়াখালীর উপজেলা পরিষদ নির্বাচনে ভোট দেওয়ায় নির্বাচনের দিন সন্ধ্যায় এক নারীর গণধর্ষণ ও মারধরের অভিযোগ উঠেছে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এই ঘটনার তীব্র নিন্দা ও উদ্বেগ জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা যায়, গত ৩১ মার্চ ২০১৯ সন্ধ্যা ৭টার দিকে নোয়াখালীর সুবর্ণচর উপজেলার চরজব্বর ইউনিয়নের উত্তর বাগ্গা গ্রামের রুহুল আমিনের মৎস্য খামারে এক নারীকে গণধর্ষণ ও তাঁর স্বামীকে মারধর করা হয়। নোয়াখালীর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন এই অভিযোগকারী নারীর ভাষ্য অনুযায়ী, নির্বাচনের দিন সন্ধ্যায় তিনি ও তাঁর স্বামী যখন বাড়ী ফিরছিলেন, ঠিক তখন তালা প্রতীকের প্রার্থী এবং পরবর্তী সময়ে উপজেলা পরিষদ নির্বাচনে নির্বাচিত ভাইস চেয়ারম্যান ফরহাদ হোসেন বাহার সমর্থক ইউসুফ মাঝির নেতৃত্বে ১০-১২ জন পথিমধ্যে তাদের মারধর করে ও পরে অভিযোগকারী নারীকে পার্শ্ববর্তী কলাবাগানে নিয়ে গণধর্ষণ করে। তিনি আরো অভিযোগ করেছেন যে, এই ঘটনা ঘটেছে কারণ তাঁরা স্বামী-স্ত্রী তালা প্রতীকের প্রার্থীকে ভোট দেন নাই, বরং চশমা প্রতীকের প্রার্থীকে ভোট দেন। উল্লেখ্য যে, গত ৩০ ডিসেম্বর জাতীয় নির্বাচনের দিন একই উপজেলায় একই ভাবে পছন্দের প্রার্থীকে ভোট দেওয়ায় এক নারী গণধর্ষণের শিকার হন।

একটি গণতান্ত্রিক রাষ্ট্রে নিজের পছন্দসই প্রার্থীকে ভোট প্রদানের অধিকার প্রতিটি নাগরিকের সাংবিধানিক ও রাজনৈতিক অধিকার। সেটিকে ছমকি-ধামকি দিয়ে ভয় দেখিয়ে প্রভাবিত করার চেষ্টা এবং ধর্ষণের মতো নৃশংস অপরাধ সংগঠন একটি গণতান্ত্রিক দেশের রাজনৈতিক সংস্কৃতির অংশ হতে পারে না। আসক দ্রুত ও নিরপেক্ষতার সাথে অভিযোগটি খতিয়ে দেখার এবং সত্যতা সাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা নেয়ার জোর দাবী জানাচ্ছে। এমন ঘটনার পুনরাবৃত্তিতে আমরা অত্যন্ত শঙ্কিত। আমাদের দাবি সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ যেন অত্যন্ত দ্রুততার সাথে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে শান্তি নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, G.P.O. Box : 3252, Tel : +88-02-8100192, 8100195, 8100197, Fax : +88-02-8100187
Email : ask@citechco.net, Website : www.askbd.org